

// উদ্বিগ্ন শিক্ষার্থী ও অভিভাবকগণ //

চাঁনবাবগঞ্জের ১টি কেন্দ্রে ভিন্ন সেটে ইংরেজি ২য় পত্রের পরীক্ষা গ্রহণ

চাঁপাইনবাবগঞ্জ জেলা সংবাদদাতা

নির্ধারিত সেটের পরিবর্তে ভিন্ন
প্রশ্নপত্রে চাঁপাইনবাবগঞ্জের একটি
কেন্দ্রে ইংরেজী দ্বিতীয়পত্রের
এসএসসি পরীক্ষা গ্রহণের ঘটনা
ঘটেছে। বিষয়টি জানাজানি হওয়ার
পর শিক্ষার্থী ও অভিভাবক মহলে
ব্যাপক তোলপাড় সৃষ্টি হয়েছে।
গতকাল শনিবার অনুষ্ঠিত এসএসসি
ইংরেজি (আবশ্যিক) দ্বিতীয়পত্রে বোর্ড
কর্তৃক নির্ধারিত প্রশ্নপত্র ছিল ২৭৮
নম্বর (ঘুঘু) কোড সংবলিত 'খ' সেট।
সেমতে চাঁপাইনবাবগঞ্জ পৃঃ ১৩ কঃ ১

চাঁনবাবগঞ্জের ১টি কেন্দ্রে

১৬-এর পৃষ্ঠার পর

হরিমোহন সরকারি উচ্চ বিদ্যালয়ের কেন্দ্র সচিব এবং একই বিদ্যালয়ের প্রধান
শিক্ষক আব্দুল লতিফ সকালে ট্রেজারি অফিসে প্রশ্নপত্র সংগ্রহে যান। কিন্তু তিনি
'খ' সেটের পরিবর্তে ২৬২ নম্বর (সুরমা) কোড সংবলিত 'ক' সেটের ৫০ কপি
২৮ বাডেল প্রশ্নপত্র নিয়ে তার কেন্দ্রের ১ হাজার ৩৭৯ জন ছাত্রছাত্রীর পরীক্ষা গ্রহণ
করেন। পরীক্ষা সম্পন্ন হওয়ার পর অন্য কেন্দ্রের সাথে প্রশ্নপত্রের এই গরমিল
ধরা পড়লে তোলপাড় সৃষ্টি হয়। বিষয়টি নিয়ে কেন্দ্র সচিব আব্দুল লতিফের সঙ্গে
যোগাযোগ করা হলে তিনি জানান, 'খ' মনে করে তিনি ভুলক্রমে 'ক' সেটের প্রশ্ন
গ্রহণ করেছিলেন। বিষয়টি বোর্ড কর্তৃপক্ষকে জানানো হয়েছে। প্রেক্ষিতে সমস্ত
উত্তরপত্র অস্থগনিকভাবে বোর্ডে জমা দেয়ার নির্দেশ দেয়া হয়েছে। এ বিষয়ে
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী কমিশনার রামকৃষ্ণ বর্মনের সাথে একাধিকবার
কোম্পাইল ফোনে যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। এদিকে জেলা
শিক্ষা অফিসার মো. মোখলেসুর রহমান আকন্দ'র সাথে যোগাযোগ করা হলে তিনি
বলেন, এটি একটি মারাত্মক ভুল। এ ধরনের ভুলে বোর্ড যে সিজাত নেবে তাই
কার্যকর হবে। এ ব্যাপারে রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শামসুল ইসলাম
আজাদ জানান, বোর্ডের একটি মাত্র কেন্দ্রে এ ধরনের ঘটনা ঘটায় একটি বিশৃঙ্খলার
সৃষ্টি হয়েছে। তবে ছাত্রছাত্রীরা যেহেতু গোপনীয়তার সাথে পরীক্ষা সম্পন্ন করেছে
সেক্ষেত্রে উত্তরপত্র মূল্যায়ন করা হবে। বিষয়টি তিনি চাঁপাইনবাবগঞ্জের জেলা
প্রশাসককে অবহিত করেছেন বলে জানান। এসাথে তিনি সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের
বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও মত প্রকাশ করেন।